

## শিক্ষামন্ত্রী বললেন কর্মসংস্থানের জন্য কারিগরি শিক্ষার বিকল্প নেই

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, '২০০৯ সালে আওয়ামী লীগ রাষ্ট্রকমতায় অধিষ্ঠিত হওয়ার সময় দেশে কারিগরি শিক্ষার্থীর সংখ্যা ছিল ১%। বর্তমানে তা ৮%-এ উন্নীত হয়েছে। ২০২০ সালের মধ্যে এখানে শিক্ষার্থীর সংখ্যা ২০ শতাংশে উন্নীত করা হবে। গতকাল শনিবার খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে ইনস্টিটিউট অব সার্ভিস, ট্রেড অ্যান্ড টেকনোলজি (আইএসটিটি) আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এ সময় মন্ত্রী আইএসটিটির মেধাবী অথচ অসম্বল শিক্ষার্থীদের মধ্যে ৫০০ ল্যাপটপ বিতরণ করেন। মন্ত্রীর উপস্থিতিতে ছাত্রজীবন শেষ হওয়ার সঙ্গে সঙ্গে সরাসরি কর্মসংস্থানের লক্ষ্যে ৫০টি শিল্প প্রতিষ্ঠানের সঙ্গে জব ট্রেনিং ও জব মেনসনেন্ট চুক্তি স্বাক্ষর হয়। শিক্ষামন্ত্রী বলেন, 'বিএ বা এমএ পাস করে বেকারত্বের ঘানি টানার চেয়ে বৃত্তিমূলক শিক্ষা বা প্রশিক্ষণ নিয়ে কর্মমুখী সম্বল জীবন কাটানো উত্তম। কোরিয়া, সিঙ্গাপুর, জাপান, চীনসহ ইউরোপীয় দেশগুলো কারিগরি শিক্ষার্থীর সংখ্যা ৭০ শতাংশের ওপরে। পরিকল্পিত মানবসম্পদ দ্রুত দেশকে অর্থনৈতিক সমৃদ্ধির দিকে নিয়ে যেতে পারে। জাতীয় অধ্যাপক ডা. এম আর খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালের উপাচার্য মেজর জেনারেল শেখ মামুন খালেদ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য প্রফেসর ড. মুনাজ্জ আহমেদ নূর, স্টেপ প্রকল্পের প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব মো. ইমরান, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. শাহজাহান মিয়া প্রমুখ।